



## তরুণদের দক্ষ করে তুললেই মিলবে কর্মসংস্থান: শিক্ষা প্রতিমন্ত্রী



ববি হাজ্জাজ | ছবি: সংগৃহীত

কারিগরি শিক্ষায় জোর দিয়ে কর্মসংস্থান বাড়ানোর পরিকল্পনার কথা জানিয়েছেন শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। তাঁর বক্তব্য, প্রতিশ্রুতি অনুযায়ী সরকার ধাপে ধাপে এক কোটি নতুন চাকরির সুযোগ তৈরি করতে চায়, আর সে লক্ষ্যেই দক্ষ মানবসম্পদ গড়ে তোলাকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আয়োজিত এক পলিসি সংলাপে তিনি বলেন, তরুণদের দক্ষ করে তুলতে বিনিয়োগ বাড়াতে হবে। প্রযুক্তিনির্ভর ও ব্যবহারিক শিক্ষার প্রসার ঘটাতে পারলে দেশের কর্মবাজারে ইতিবাচক পরিবর্তন আসবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এডাস্ট্রি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান শামসুল আলম লিটন। তিনি শিল্পখাত ও শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে ঘনিষ্ঠ সমন্বয়ের ওপর গুরুত্ব দিয়ে বলেন, বাস্তবমুখী শিক্ষা নিশ্চিত করতে এই সহযোগিতা অপরিহার্য।

এ সময় বোর্ডের সিনিয়র ভাইস চেয়ারম্যান আরিফুল বারী মজুমদার, সদস্য-সচিব মো. কামরুজ্জামান লিটু, সদস্য ড. মোহাম্মদ সিরাজুল হক চৌধুরী ও কামরুন নেহার এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন।